[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted]-[redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

সমন্বয় সভা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান।

স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক শামীম হোসেনের সভাপতিত্বে উপস্থিত ছিলেন জেলার তিন উপজেলার নির্বাহী কর্মকর্তা কাজী নাজিব হাসান , মোঃ খায়রুল ইসলাম ও প্রীতম সাহা ।

এ সময় গ্রাম আদালতের কার্যক্রমের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। বিভিন্ন সমস্যাগুলোর সমাধান ও গ্রাম আদালতকে আরে বেগবান করতে করণীয় বিষয়ে পরামর্শ দেন উপস্থিত অংশগ্রহণকারীরা। এছাড়াও গ্রাম আদালতে ছোটখাট অভিযোগের সমাধান যেন সঠিকভাবে মানুষ পায় সেই বিষয়ে বিভিন্ন দিকনির্দেশনা দেওয়া হয়।

মেহেরপুরে শিক্ষক প্রশিক্ষণ ও মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

মেহেরপুরে জেলা ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে শিক্ষক প্রশিক্ষণ ও মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৮ মে) দুপুরে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

সমন্বয় সভার সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীম।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

এসময় জেলা মডেল মসজিদের ইমাম মুফতি মোঃ সাদিকুর রহমান,জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান, মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ,ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি’ প্রতিপাদ্যে চুয়াডাঙ্গায় দুইদিনব্যাপী ৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা ও ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড-২০২৪ এর সমাপনী ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুর দুইটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সাহিত্য মঞ্চে এ মেলার সমাপনী ও পুরষ্কার বিতরণ করা হয়। সমাপনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে পুরষ্কার তুলে দেন।

এ সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। মেলায় মাধ্যমিক পর্যায়ে ও কলেজ পর্যায়ে ২৫টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের তত্ত্বাবধানে ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এ মেলা অনুষ্ঠিত হয়।

সমাপনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন বলেন, আমি আশাবাদী, আমাদের তরুণ প্রজন্ম সঠিকভাবে এগোচ্ছে। পৃথিবীর সকল উন্নত জাতি শিক্ষিত। এখন প্রযুক্তির যুগ। বিজ্ঞানের যুগ। এখন অ্যাডভান্স টেকনোলজি ব্যবহার হবে। বিজ্ঞান এবং প্রযুক্তি জীবনের জন্য গুরুত্বপূর্ণ। তথ্য প্রযুক্তির যুগে সবকিছুই হাতের মুঠোয়। মোবাইলে অনেকে আসক্ত হয়ে গেছে। কেউ কেউ মোবাইলে বাইরের দেশের ভাষা শিখছে। আবার কেউ কেউ টিকটকে আসক্ত। নির্ভর করে, আপনার ব্যবহার কেমন হবে। ভালো কাজে ব্যবহার করলে সাফল্য আসবে। আজকের প্রতিপাদ্যে সৌর বিদ্যুত আছে। সারাবিশ্ব এখন ঝুকছে নবায়নযোগ্য শক্তির দিকে। ভালোভাবে পড়াশোনা করতে হবে। নিজেদের প্রয়োজনে বিজ্ঞান শিখতে হবে। বিজ্ঞান ছাড়া মুক্তির উপায় নেই। তিনি বলেন, চুয়াডাঙ্গা চরভাবাপন্ন একটি জেলা। এই জেলায় বেশি বেশি গাছ লাগাতে হবে। আমরা সবুজে ভরে দিতে চাই এই জেলাকে। বিদ্যুতের অপচয় বন্ধ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত স্মার্ট বাংলাদেশের চারটি ভিত্তি। কোনো কিছুই জীবনে বাধা হতে পারে না। যদি ইচ্ছা থাকে। আমরা স্টিফেন হকিং বিজ্ঞানির কথা জানি। অদম্য ইচ্ছা থাকলে কোনো বাধায় বাধা হয়ে দাঁড়াতে পারে না।

মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত

মুজিবনগরের দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি)কর্মসূচির আওতায় স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতি (পি এস কে এস) এর আয়োজনে, আজ বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত মুজিবনগর উপজেলা মোনাখালী ইউনিয়ন এর মোনাখালী কমিউনিটি ক্লিনিক প্রাঙ্গণে তৃণমূল দরিদ্র জনগোষ্ঠীকে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে এই স্বাস্থ্য ক্যাম্প পরিচালিত হয় ।

স্বাস্থ্য ক্যাম্পে বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা মেডিসিন, গাইনি ও চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হয় । স্বাস্থ্যসেবা প্রদান করেন একজন গাইনী স্পেশালিস্ট,একজন চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার ও একজন মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার সেবা প্রদান করেন । পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির আয়োজনে স্বাস্থ্যসেবা ক্যাম্পে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির মোনাখালী শাখার সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী মোহাঃ হাসানুজ্জামান।

এছাড়াও ক্যাম্পে পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির স্বাস্থ্য কর্মকর্তাগণ, সমাজ উন্নয়ন কর্মকর্তা ও স্বাস্থ্য পরিদর্শক বৃন্দ উপস্থিত ছিলেন স্বাস্থ্য ক্যাম্পে ১৬৬ জন রোগীকে সেবা প্রদান করা হয়।

ঝিনাইদহে আলফা লাইফ ইন্সুরেন্সে ম্যানেজার’স কনফারেন্স অনুষ্ঠিত

ঝিনাইদহে আলফা ইসলামী লাইফ ইন্সুরেন্সের ম্যানেজার’স কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (১৫ মে) সকাল থেকে ঝিনাইদহ আলফা ইসলামী লাইফ ইন্সুরেন্সের সেলস্ অফিসের হলরুমে এই কনফারেন্স ও প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেনে প্রতিষ্ঠানের সিইও কাম ম্যানেজিং ডিরেক্টর নুরে আলম সিদ্দিকী অভি।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মাহবুবুর রহমান।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে প্রশিক্ষণ প্রদান করেণ উপ-পরিচালক (ট্রেনিং) সাজেদুল বারী, ঝিনাইদহ এরিয়ার সেলস ম্যানেজার হুমায়ন কবীর উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান পরিচালনা করেন সহকারী সেলস ম্যানেজার টিপু সুলতান। দুই শতাধিক ব্রাঞ্চ ম্যানেজার ও ইউনিট ম্যানেজার এ কনফারেন্সে অংশ গ্রহন করেন। কফারেন্সে প্রধান অতিথি তার বক্তব্যে বীমা গ্রাহকদের বিভিন্ন প্রকার সুযোগ সুবিধা নিয়ে কথা বলেন এবং গ্রাহকদের কাছে বাড়তি কোন প্রতিশ্রুতি না দিয়ে সবসময় সত্য কথা এবং প্রকৃত সুবিধার কথা তুলে ধরতে হবে। কোম্পানির প্রডাক্টস্ সম্পর্কে গ্রাহকদের ভাল ভাবে বুঝাতে হবে এবং সময় দিতে হবে তাহলে আলফা ইসলামী লাইফ ইন্সুরেন্সে মানুষ বীমা করবে আপনারাও আর্থিক ভাবে সুবিধা ভোগ করবেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

রজিবুল হক, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল; বিশেষ পুরস্কারঃ এসআই/মুহিদ হাসান, ডিবি; মোঃ রইচ উদ্দিন শরিফ,ডিএসবি; এএসআই/মোঃ রুবেল ইসলাম, বিভাগীয় ভান্ডার, পরিছন্নতাকর্মী/ শ্রী আকাশ বাঁশফোড়, পুলিশ সুপারের কার্যালয়, চুয়াডাঙ্গাসহ সর্বমোট ২৯(উনত্রিশ) জন চৌকস পুলিশ সদস্যকে পুলিশ সুপার ক্রেস্ট, সার্টিফিকেট ও নগদ অর্থ পুরস্কার প্রদান করেন।

উক্ত অপরাধ পর্যালোচনা সভায় অপরাধ পরিসংখ্যান পর্যালোচনা, মামলা নিষ্পত্তি, নিয়মিত মামলায় আসামি গ্রেফতার, ওয়ারেন্ট তামিল, রাত্রিকালীন ডিউটি, হোন্ডা মোবাইল, জাল টাকা/অজ্ঞানপার্টি/মলমপার্টি চক্র গ্রেফতার, অবৈধ অস্ত্র-গুলি, মাদকদ্রব্য ও চোরাচালান পণ্য উদ্ধার, ভাড়াটিয়া তথ্যফরম পূরণ, আইন-শৃঙ্খলা রক্ষাসহ যেকোনো অপ্রীতিকর ঘটনা/গুজব রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। আগামী ২১ মে চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গা থানায় উপজেলা নির্বাচন উপলক্ষে পুলিশী টহল বৃদ্ধিসহ অপ্রীতিকর ঘটনা প্রতিরোধে গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে আলোচনা হয়। পরিশেষে, পুলিশ সুপার সকল অফিসার ও ফোর্সের উপর অর্পিত দায়িত্ব পেশাদারিত্বের সাথে যথাযথভাবে পালনের আহ্বান জানান।

মেহেরপুরে ইমাম সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত

মেহেরপুরের জেলা পর্যায়ে প্রশিক্ষণপ্রাপ্ত ইমামগণের ইমাম সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

জেলা ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত সম্মেলন মঙ্গলবার (৩০ এপ্রিল) দুপুরে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীমের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পুলিশ সুপার এস এম নাজমুল হক।

এছাড়াও একসময় জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান, মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ, জেলা মডেল মসজিদ ইমাম মুফতী মোঃ সাদিকুর রহমান, ফিল্ড সুপারভাইজার ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে কমিউনিটি টাউন হল সভা অনুষ্ঠিত

মেহেরপুরে ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের আয়োজনে মেহেরপুর বাসস্ট্যান্ডে যাত্রী ছাউনি স্থাপনের দাবিতে কমিউনিটি টাউন হল সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে শহরের লা ভোগ রেস্টুরেন্টে ইউএসএআইডি’র অর্থায়নে ‘স্ট্রেংথেনিং পলিটিক্যাল ল্যান্ডস্কেপ’ প্রকল্পের আওতায় ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল সভার আয়োজন করে।

পরে বেলা সাড়ে ১২ টার সময় সুশীল সমাজ ও মাল্টিপার্টি অ্যাডভোকেসি ফোরাম (এমএএফ) এর মাধ্যমে অতিরিক্ত জেলা প্রশাসক তানভীর আহমেদ রুমানের নিকট মেহেরপুরে বাসস্ট্যান্ডে যাত্রী ছাউনি স্থাপনের দাবিতে স্মারকলিপি প্রদান করা হয়।

এ সময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক আকবর জালাল, উপপ্রচার-প্রচারণা সম্পাদক মিজানুর রহমান হিরন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, জেলা জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হীরা, জেলা আইনজীবী সমিতির সাধারন সম্পাদক এ্যডভোকেট সাইদুর রাজ্জাক, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব আহমেদ, দপ্তর সম্পাদক ইব্রাহিম আলী, ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল এর রিজিওনাল ম্যানেজার রুবাইয়াত হাসান ও ইলেকটোরাল প্রোগ্রাম এসিসট্যানট সিলমী সাদিয়াসহ আওয়ামী লীগ ও বিএনপির, স্বেচ্ছাসেবী সংগঠন থেকে YEH এর যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ও বসুন্ধরা

শুভ সংঘের মেহেরপুর জেলা সাধারন সম্পাদক পলাশ আহম্মেদসহ, রেড ক্রিসেন্ট জেলা সভাপতি শান্ত ইসলাম সহ নেতৃবৃন্দরা, সুশীল সমাজ ও তরুণ সংস্থাগুলোর প্রতিনিধিগণ স্বারকলিপি প্রদানের সময় উপস্থিত ছিলেন।